# খুলনা ওয়াসার ২০১৮-১৯ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন

১। **ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

২। **বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ট্যাংকির মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

৪। **সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রি: তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। ১ জন উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থও প্রশাসন) কে প্রেষনে সরকার কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছে। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে সৃজনকৃত ৭৬টি পদ এবং পূর্বে সৃজনকৃত ১৫৭টি পদ থেকে খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টার রোল কর্মচারীদের মধ্য থেকে ৭০ জন কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। বর্তমানে খুলনা ওয়াসার সাংগঠনিক জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | – | ১১তম গ্রেড | - | - |
| ২য় গ্রেড | ১টি | ১টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১টি | ১টি | ১৩ তম গ্রেড | ১১ টি | ৮টি |
| ৪র্থগ্রেড | ২ টি | ১ | ১৪তম গ্রেড | ৬ টি | ৪টি |
| ৫ম গ্রেড | ৩ টি | ১ | ১৫তম গ্রেড | ৯ টি | ৮টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৫ টি | ৩ টি | ১৬ তম গ্রেড | ৬০ টি | ৫৩টি |
| ৭ম গ্রেড | ৩ টি | ৩ টি | ১৭তম গ্রেড | ৪ টি | ৪টি |
| ৮ম গ্রেড | ১টি | ১টি | ১৮তম গ্রেড | ৬০ টি | ৫১টি |
| ৯ম গ্রেড | ১৩ টি | ৮টি | ১৯তম গ্রেড | – | – |
| ১০ম গ্রেড | ১১ টি | ৫টি | ২০তম গ্রেড | ২১ টি ও আউট সোর্সিং- ২২টি | ২১টি ও আউট সোর্সিং- ১৪টি |

বি:দ্রঃ এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারীর মধ্যে ৭০ জনকে নিয়োগ দেয়ার পর এখন বর্তমানে ৬২ জন কর্মচারী মাস্টার রোল হিসেবে কর্মরত রয়েছে।

৫। **২০১৮ - ১৯ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ৩,৪২,৫৪,০৭৮ | ৩,৬০,৫৬,৯২৫ | ৩৭,৩৫,০৪৯/ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রুল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ১০,৫৯,৫৫১ | ১১,১২৫২৯ | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ৫৪,৫৬৭ | ৫৬,৭৫০ | | |
| গাড়ীতে পানি বিক্রয় | ১,৬৪,১০৪ | ১,৭৩,৯৫০ | | |
| বিবিধ (দরপত্র /সিডিউল বিক্রয়, পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ৭৬,১৯০ | ৮০,০০০ | | |
| মোট= | ৩,৫৬,০৮,৪৯০ | ৩,৭৪,৮০,১৫৪ | | |

২০/৮/১৯
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

২০/০৮/১৯
প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা

## ৬. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৮-১৯ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৮-১৯ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | অর্থিক | বাস্তব | অর্থিক |
| ১ | খুলনা পানি সরবরাহ প্রকল্প। প্রকল্প ব্যয়: ২৫৫৪৯১.৮৬ (ADB = ৫২৩৭৭.৯৬ , JICA = ১০৯০১৭.৪৬ এবং GOB = ৯৪০৯৬.৪৪) বাস্তবায়নকাল: জুলাই ২০১১ - জুন ২০১৯ | খুলনা মহানগরীতে পর্যাপ্ত পরিমান সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করণে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানি শোধনকরে দৈনিক ১১ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা। যাহার মধ্যেমে পানি সরবরাহের কভারেজ প্রায় ৪৬% বৃদ্ধি পাবে। | **রাজস্ব খাত** | | | | |
| | | | পরামর্শক জাইকা ও এডিবি অংশ (বৈদেশিক ও স্থানীয় পরামর্শক,সাপোর্টিং স্টাফ এবং পরামর্শকের জন্য সরাসরি খরচ, আবাসন- অফিস ভাড়া,যানবহন ভাড়া, ও স্থানীয় যোগাযোগ এবং রিপোর্ট তৈরি) | ১২% | ৭৯৩.৯৪ | ১২% | ৭৯৩.৯৪ |
| | | | অফিসার ও কর্মচারীদের বেতন | থোক | ৪০.৬ | থোক | ৪০.৬ |
| | | | জ্বালনী ও রক্ষনাবেক্ষণ ও বিবিধ (পিএসসি/ পিআইসি/টেক সদস্যদের সম্মানী) | থোক | ৪২.৪৯ | থোক | ৪২.৪৯ |
| | | | আইটি ও ভ্যাট স্থানীয় ও বিদেশী পরমর্শকের জন্য | থোক | ৪০৮.০১ | থোক | ৪০৮.০১ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | **১২৮৫.০৪** | | **১২৮৫.০৪** |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | ১টি ১১০ MLD ক্ষমতার Water Intake facility নির্মাণ ও ৩৩ কিঃ মিঃ Raw Water Transmission pipe Line | ২০% | ১০৪১৮.৫৩ | ২০% | ১০৪১৮.৫৩ |
| | | | ১১০ MLD Surface Water Treatment Plant নির্মাণ ও ১টি ৭৭৫ মিলিয়ন লিটার ধারণক্ষম Impounding Reservoir নির্মাণ | ২০% | ১১১৫২.৫৩ | ২০% | ১১১৫২.৫৩ |
| | | | ৩৬ কিঃ মিঃ Clear Water Transmission pipe Line নির্মাণ | ৫% | ৪৯২৮.৬৫ | ৫% | ৪৯২৮.৬৫ |
| | | | ১০টি ওভারহেড ট্যাঙ্ক এবং ৭টি Distribution Reservoir নির্মাণ | ৩% | ৮৬৩.০৫ | ৩% | ৮৬৩.০৫ |
| | | | ৬৫০কিঃ মিঃ বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন নির্মাণ ও মিটারসহ হাউজ কানেসন | ১২% | ৮৬১৮.৯ | ১২% | ৮৬১৮.৯ |
| | | | ৬ তলা বিশিষ্ট ওয়াসা প্রধান অফিস ও দুইটি জোনাল অফিস নির্মাণ | ২% | ৭৫.৫১ | ২% | ৭৫.৫১ |
| | | | সুপেয় পানির বোতলজাতকরণ প্লান্ট নির্মাণ ১টি | ২৫% | ৭০৬.৯ | ২৫% | ৭০৬.৯ |
| | | | **সম্পদ সংগ্রহ ও ক্রয়** | | | | |
| | | | অফিস সাপ্লাই ও ফার্নিচার | থোক | ১৭.৮১ | থোক | ১৭.৮১ |
| | | | মিটার টেস্টিং ল্যাবরোটারী ইকুপমেন্ট | থোক | ২১২.৯৯ | থোক | ২১২.৯৯ |
| | | | হার্ডওয়্যার ও সফটওয়্যার কার্যক্রম গ্রহণ | থোক | ২১.১৬ | থোক | ২১.১৬ |
| | | | পুণর্বাসন ( ভূমি ও সম্পদের ক্ষতিপূরণ) | থোক | ৪.১৮ | থোক | ৪.১৮ |
| | | | আমদানী শুল্ক ( নির্মাণ/প্রকিউরমেন্ট এর জন্য বৈদেশীক অর্থের ৩০%) | থোক | ৩০০০ | থোক | ৩০০০ |
| | | | প্রকল্প বাস্তবায়নকালীন সুদ | থোক | ৪৬৩.৬৯ | থোক | ৪৬৩.৬৯ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | **৪০৭৫৩.৯০** | | **৪০৪৮৩.৯** |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | **৪২০৩৮.৯৪** | | **৪১৭৬৮.৯৪** |

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৮-১৯ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৮-১৯ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ২ | খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ। ( এপ্রিল ২০১৮- জুন ২০২০) | প্রাকৃতিক পরিবেশ বজায় রাখা এবং স্বাস্থ্য সম্মত জীবনযাত্রার জন্য খুলনা মহানগরীতে সুয়ারেজ ব্যবস্থায় পয়:বর্জ্য, ময়লা পানি অপসারণ, পরিচালন ও নি:স্বরণ ইত্যাদি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পাম্প স্টেশন ও ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণে জমি অধিগ্রহণ। | **ক. রাজস্ব খাত** | | | | |
| | | | সার্ভেয়ার,স্টেশনারি, টেলিফোন, ফ্যাক্স, পর্চা উঠানো, স্ট্যাম্প,প্রিন্টিং, ফটোকপি, লেবার, যাতায়ত এবং লজেষ্টিক সাপোর্ট | থোক | ১.০০ | থোক | ১.০০ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | ১.০০ | | ১.০০ |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | সুয়ারেজ পাম্প স্টেশন ও সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট এর জন্য ভুমি অধিগ্রহণ | থোক | ৪৯৯৯.০০ | থোক | ৪৯৯৯.০০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | ৪৯৯৯.০০ | | ৪৯৯৯.০০ |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | ৫০০০.০০ | | ৫০০০.০০ |

৭। **মানব সম্পদ উন্নয়ন :**

**দেশে প্রশিক্ষণ:**

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ২১/০৭/২০১৮ আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ৪৯, নিউ স্কাটন, ঢাকা। | ২ জন | Small Improvement Project (SIP) শীর্ষক প্রশিক্ষণ |
| ২ | ২২/০৭/২০১৮ হতে ২৪/০৭/২০১৮ হোটেল সিটি ইন বি-১, মজিদ স্মরণী, খুলনা। | ২ জন | Wash Sector Bottleneck Analysis শীর্ষক প্রশিক্ষণ |
| ৩ | ২৯/০৭/২০১৮ হতে ৩০/০৭/২০১৮ হোটেল সিটি ইন বি-১, মজিদ স্মরণী, খুলনা। | ১ জন | Sect oral Gender Mainstreaming Based on Gender Equality Diagnostics of Selected Sectors শীর্ষক প্রশিক্ষণ |
| ৪ | ৩০/০৭/২০১৮ হোটেল সিটি ইন বি-১, মজিদ স্মরণী, খুলনা। | ১ জন | Co-design Work Shop on Slum Sanitation in Khulna শীর্ষক ওয়ার্কশপ |
| ৫ | ১৯/০৯/২০১৮, ২০/০৯/২০১৮, ২২/০৯/২০১৮ আই এম ই ডি পরিকল্পনা মন্ত্রনালয় শেরে বাংলা নগর, ঢাকা। | ২ জন | Project Management Information System (PMIS) Software শীর্ষক প্রশিক্ষণ |
| ৬ | ১৯/০৯/২০১৮ জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা। | ১ জন | তথ্য অধিকার আইন ২০০৯ এর (RTI) উপর অন লাইন সার্টিফিকেট সংক্রান্ড় প্রশিক্ষণ |
| ৭ | ২৯/১১/২০১৮ মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার ল্যাব বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ১ জন | অন লাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সফটওয়্যার ভার্সন -২ শীর্ষক প্রশিক্ষণ |

২০/৮/১৯
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

২০/০৮/১৯
প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

| | | | |
|---|---|---|---|
| ৮ | ২৭/১১/২০১৮ হতে ২৯/১১/২০১৮<br>কৃষিবিদ ইন্সটিটিউট,খামারবাড়ী সড়ক, ঢাকা। | ১জন | উদ্ভাবন মূলক প্রকল্প ডিজাইন শীর্ষক প্রশিক্ষণ |
| ৯ | ১৪/০১/২০১৯ হতে ২৭/০১/২০১৮<br>বিয়াম ফাউন্ডেশন, ঢাকা। | ১ জন | Public Procurement Rules (PPR) শীর্ষক প্রশিক্ষণ |
| ১০ | ১২/০১/২০১৯ হতে ১৩/০১/২০১৯<br>সম্মেলন কক্ষ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। | ২ জন | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (APAMS) বিষয়ক প্রশিক্ষণ |
| ১১ | ১৯/০১/২০১৯<br>ইন্সটিটিউট অব পাবলিক ফাইনান্স বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা। | ২ জন | বাজেট পরিপত্র-১ শীর্ষক প্রশিক্ষণ |
| ১২ | ২৩/০১/২০১৯<br>ইন্সটিটিউট অব পাবলিক ফাইনান্স বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা। | ৪ জন | বাজেট iBAS++ এ ডাটা এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ |
| ১২ | ৩০/০১/২০১৯<br>মনিটরিং সেল,অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। | ১ জন | রাষ্ট্রায়ত্ব সংস্থাসমূহের বাজেট কোড ভিত্তিক প্রণয়ন শীর্ষক প্রশিক্ষণ |
| ১৩ | ২৭/০২/২০১৯<br>সম্মেলন কক্ষ,মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা। | ১ জন | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক প্রশিক্ষণ |
| ১৪ | ১২/০৩/২০১৯<br>সম্মেলন কক্ষ,স্থানীয় সরকার বিভাগ, ঢাকা। | ১ জন | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক প্রশিক্ষণ |
| ১৫ | ২১/০৩/২০১৯<br>সম্মেলন কক্ষ,মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা। | ১ জন | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক প্রশিক্ষণ |
| ১৬ | ০৮/৪/২০১৯ হতে ১১/০৪/২০১৯<br>জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা। | ১ জন | 3rd Modern Office Management |
| ১৭ | ২৫/০৫/২০১৯ হতে ২৬/০৫/২০১৯<br>বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা। | ১ জন | ইনোভেশন কর্মপরিকল্পনা অনুয়ায়ী মেন্টরিং বিষয়ক কর্মশালা |

অভ্যন্তারীন প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ৩০/০৩/২০১৯ হতে ৩১/০৩/২০১৯<br>খুলনা ওয়াসা পুরাতন ভবন, খুলনা। | ৮ জন | Water Meter Test Bench and Water Meter AMR System (RF) শীর্ষক প্রশিক্ষণ। |
| ২ | ২০/০৬/২০১৯ হতে ২৬/০৬/২০১৯<br>প্রশিক্ষণ কক্ষ<br>খুলনা ওয়াসা ভবন, খুলনা। | ১৫ জন | NRW management শীর্ষক প্রশিক্ষণ। |

বিদেশে প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ১৬/০৯/২০১৮ হতে ২৮/০৯/২০১৮<br>কম্বোডিয়া | ১জন | Sustainable Urban Water and Sanitation Integrated Process SUWAS Asia-2018 () International Training Program |
| ২ | ০৬/০৫/২০১৯ হতে ২৪/০৫/২০১৯<br>সুইডেন | ১জন | Sustainable Urban Water and Sanitation Integrated Process SUWAS Asia-2019 "A" |

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

৮। **অডিট সংক্রান্ত তথ্য:**

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৭-১৮ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে মোট ৩৮ টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ৩১ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৭ টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৮ টি আপত্তি হতে জুন ২০১৯ পর্যন্ত ২২ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৬ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ২৮ টি অপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ০৯ টি অগ্রিম অনুচ্ছেদ ও ০১ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ১০ টি অনুচ্ছেদের মধ্যে ০৬ টি নিষ্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে (যার মাধ্যে ০৫ টি অগ্রিম ও ০১টি সাধারণ অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে)। ২০১৭-১৮ অর্থ বছরের অবশিষ্ট ৪টি অগ্রিম অনুচ্ছেদের জবাব দ্রুত প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

৯। **২০১৭ - ১৮ অর্থ বছরের অর্জন/ সাফল্য :**

- খুলনা মহানগরীতে ৮ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে, যাহার মাধ্যমে ৮ এমএলডি পানি উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।
- ১১০ এম এল ডি ক্ষমতা সম্পন্ন সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মান কাজ সমাপ্ত করে পানি শোধন করে সরবরাহ করা হচ্ছে।
- বর্তমান জুন ২০১৯ পর্যন্ত পানি সরবরাহের পরিমান ১৫৮ এম এল ডি -তে উন্নীত হেয়েছে ।
- খুলনা মহানগরীতে পানি সরবরাহ প্রক্রিয়া সম্প্রসারণ হিসাবে ২০১৮-১৯ অর্থ বছরে ৪২৯০ টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান করা হয়েছে।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৮৪ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হচ্ছে। জুন ২০১৯ পর্যন্ত ৯০% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে।
- জুন ২০১৯ পর্যন্ত রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৬% উন্নীত হয়েছে।
- খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে গ্রাহকদের পানির সংযোগের ও বিলের বিস্তারিত তথ্য সহজে জানা যাচ্ছে। প্রতি গ্রাহকের সংযোগ প্রদান থেকে শুরু করে মাসিক বিল সহ রাজস্ব আদায় সম্পর্কে তথ্য জানা যাচ্ছে।
- খুলনা ওয়াসায় দাপ্তরিক কাজ পরিচালনায় ই-নথি চালু করা হয়েছে। দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও সমায়নুবর্তিতা নিশ্চিত কল্পে গুরুত্বপূর্ণ নথি সমূহ ই-নথিতে নিষ্পন্ন করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার চালু হয়েছে। এছাড়াও গ্রাহক যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারবে এবং দাখিল কৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারবেন।
- ই-জিপি পোর্টালের আওতায় খুলনা ওয়াসার যাবতীয় টেন্ডার কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন, দরপত্র আহবান, উন্মুক্তকরণ ও মূল্যায়ন, চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান ও চুক্তি সম্পাদনসহ যাবতীয় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে জি-পে, শিওর ক্যাশ ও ডিবিবিএল অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে (http://www.kwasa.org.bd)। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সহ দাপ্তরিক সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বর্তমানে স্বয়ংক্রিয়ভাবে ই-বিলিং সফটওয়্যারের মাধ্যমে আদায়কৃত রাজস্ব একাউন্টিং সফটওয়্যার এর সাথে সমন্বয়ের মাধ্যমে নিয়মিতভাবে যাবতীয় হিসাব কাজ সম্পন্ন করা হচ্ছে। খুলনা ওয়াসায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ অন্যান্য ভাতাদি পে রোল সফটওয়্যারের মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ, বণ্টন ও অপচয় রোধে ইতোমধ্যেই কম্পিউটারাইজড ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভান্ডারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাবরক্ষণ করা হচ্ছে।

২০/৮/১৯

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

২০/০৮/১৯


প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

**খুলনা ওয়াসায় বাস্তবায়নাধীন প্রকল্প:**

খুলনা পানি সরবরাহ প্রকল্পঃ


বাস্তবায়নকাল : জুলাই ২০১১- জুন ২০১৯, ২৫৫,৪৯১.৮৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ভূ-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি লক্ষ্যে বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রকল্পটি সমাপ্ত হলে দৈনিক ১১ কোটি লিটার (১১০ এম ল ডি) ভূ-উপরিস্থ পরিশোধিত পানি সরবরাহ করা হবে এবং পানি সরবরাহের কভারেজ ৪৬% বৃদ্ধি হবে। প্রকল্পটি বার্তমান অর্থ বছররে ৩০ জুন, ২০১৯-এ সমাপ্ত হয়ছে । প্রকল্পের আওতায় চলমান কার্যক্রম:

- খুলনা ওয়াসার ১০ তলা বিশিষ্ট (প্রথম পর্যায়ে ৬ তলা) প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কাজ জুন ২০১৬-তে সমাপ্ত হয়েছে এবং খুলনা ওয়াসার কার্যক্রম বর্তমানে এই ভবন হতে পরিচালিত হচ্ছে । এ ছাড়া ২টি জোনাল অফিস নির্মাণ কাজ জুন ২০১৮ এর মধ্যে সম্পন্ন হয়েছে।



জুন ২০১৬-তে সমাপ্ত খুলনা ওয়াসা ভবন।

- Distribution Reservoir & Overhead Tanks : মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir (৫০০০ থেকে ১৩৫০০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন) এবং ১০টি Overhead Tanks (৪০০ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি এবং ৬৫০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি) এর নির্মাণ কাজ ডিসেম্বর ২০১৮-তে সম্পন্ন হয়েছে।



চরেরহাট Reservoir & Overhead Tank নির্মাণ কাজ।

- Clear Water Transmission Mains including River crossing: ৩০০ মি:মি: হতে ১২০০ মি:মি: ব্যাসের ৪৫ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ, ১৪ কি:মি: এইচডিপিই পাইপ এবং রুপসা নদীর তলদেশ দিয়ে ৬৮৫ মি: পাইপ বসানোর কাজ কাজ সম্পন্ন হয়েছে। টেস্টিং ও কমিশনিং কাজ সম্পন্ন করার মাধ্যমে পাইপ লাইনে পানি সরবরাহ করা হচ্ছে।




রূপসা নদীর তলদেশ দিয়ে ডাকটাইল আয়রন পাইপ লাইন স্থাপন।

২০।৮।১৯

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।


প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।

- Distribution Pipe Network: এ কাজের আওতায় ৭৫মি:মি: থেকে ৫০০মি:মি: ব্যাসের ৪২ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ এবং ৬১০ কি:মি: এইচডিপিই পাইপ বসানোর কাজ শেষ হয়েছে। এই পর্যন্ত পাইপ লাইন স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। আগামী জুন ২০১৯ এর মধ্যে ৩৫০০০ বাসগৃহে মিটারসহ পানির সংযোগ প্রদানের কাজ সম্পন্ন হয়েছে।টেস্টিং ও কমিশনিং কাজ সম্পন্ন করার মাধ্যমে পাইপ লাইনে পানি সরবরাহ করা হচ্ছে।




মহানগরীরতে ডাকটাইল আয়রন ও এইচডিপিই পাইপ লাইন স্থাপন।

- Surface Water Treatment Plant & Impounding Reservoir : খুলনা জেলার রূপসা উপজেলার তিলক ও পাথরঘাটা নামক স্থানে ১১০ এমএলডি (১১ কোটি লিটার) ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৭৭.৭২ কোটি লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন Impounding Reservoir নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। ইতমধ্যে ট্রিটমেন্ট প্ল্যান্টে হতে পানি শোধন করে পরিশোধিত পানি সরবরাহ করা হচ্ছে।



রূপসায় নির্মাণাধীন ১১০ এমএলডি ক্ষমতা সম্পন্ন SWTP ।

- Water Intake facility and Raw Water Transmission Pipe line : বাগেরহাট জেলার মোল্লাহাট ব্রীজ সংলগ্ন স্থানে ইনটেক পাম্প হাউজ ও অন্যান্য ফ্যাসিলিটি নির্মাণ করা হয়েছে। মধুমতি নদী হতে অপরিশোধিত পানি ৩৩.৪০ কি:মি: ১৪০০ মি:মি: (৫৬”) ব্যাসের ডাকটাইল আয়রন সঞ্চালন পাইপ লাইনের মাধ্যমে ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহের পাইপ লাইন স্থাপন করা হয়েছে। বর্তমানে ইনটেক পাম্প হাউজ হতে অপরিশোধিত পানি সঞ্চালন পাইপ লাইনের মাধ্যমে Impounding Reservoir ও Treatment Plant এ সরবরাহ করা হচ্ছে।



**Water Intake – vertical turbine pump (capacity: 1800 cubic meter / hour)**

২০/৮/১৯

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

২০/০৮/১৯

প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।